

কৃষিই সমৃদ্ধি



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা

সংস্থাপন বিভাগ

www.badc.gov.bd



সর্বোচ্চ অগ্রাধিকার

স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২০৩.৯৯.০১৭.২০.৩৭৯

তারিখ: ২৮ বৈশাখ ১৪২৭

১১ মে ২০২০

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে আবাদি কোন জমি ফেলে না রেখে প্রতি ইঞ্চি জমিতে ফসল ফলানো

সূত্র: ১) কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং: ১২.০০.০০০০.০১২.২৩.০৫৪.১৮-৩৭৩, তারিখ: ০২ এপ্রিল ২০২০

২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০২.২০.৭৬, তারিখ: ০৩ এপ্রিল ২০২০

উপর্যুক্ত বিষয় এবং সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন:

**“খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে আবাদি কোন জমি ফেলে না রেখে প্রতি ইঞ্চি জমিতে ফসল ফলাতে হবে”**

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক খাদ্য উৎপাদন বৃদ্ধি, আমাদের অর্থনীতি সচল রাখা এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে আপনার অধীনস্থ অফিসসমূহের ক্যাম্পাস, কর্মকর্তা-কর্মচারীদের আবাসিক এরিয়া, বীজ উৎপাদন খামার, সার গুদামসমূহের খালি স্থান, কৃষি জমি, পতিত জমি, বিএডিসি কর্তৃক খননকৃত খালসমূহের পাড় এবং নিজ বাসস্থান, বাড়ির আঙ্গিনা, ছাদসহ আপনার এবং আপনার পরিবার, প্রতিবেশী, আত্মীয়স্বজন, বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষিগণের কোন জমি যেন ফেলে না রেখে প্রতি ইঞ্চি জমিতে অঞ্চলভিত্তিক ফসল, বিভিন্ন ধরনের শাক সবজি, ফলমূল উৎপাদনে ব্যবহার করে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা, পরামর্শ এবং কৃষি বিষয়ক সার্বিক কারিগরি সহযোগিতা প্রদানের জন্য সংস্থার চেয়ারম্যান মহোদয় আহবান জানিয়েছেন।

এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক খাদ্য উৎপাদন বৃদ্ধি, আমাদের অর্থনীতি সচল রাখা এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে উল্লিখিত নির্দেশনাসমূহ বাস্তবায়নে জরুরি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১-৫-২০২০

আব্দুল লতিফ মোল্লা

সচিব


.....বিভাগীয় প্রধান (সকল), বিএডিসি।

স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২০৩.৯৯.০১৭.২০.৩৭৯/১(৯)

তারিখ: ২৮ বৈশাখ ১৪২৭  
১১ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, সার ব্যবস্থাপনা ও উপকরণ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
- ২) সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ), ক্ষুদ্র সেচ উইং, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৩) সদস্য পরিচালক (অর্থ), অর্থ উইং, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৪) সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা), সার ব্যবস্থাপনা উইং, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৫) সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বীজ ও উদ্যান উইং, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৬) সচিব মহোদয়ের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়
- ৭) উপসচিব, উপকরণ-১ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়
- ৮) কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৯) একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন



১১-৫-২০২০

মোহাম্মদ জাকিরুল ইসলাম  
যুগ্মপরিচালক